বাংলাদেশ স্কাউটস
নবকুঁড়ি
ডিজিটাল আপডেট
আগস্ট ২০১৭

যথাযোগ্য মর্যাদায় পালন

আগস্ট মাস বাঙালি জাতির শোকের মাস। ১৯৭৫ সালের ১৫ আগস্ট এদেশের ইতিহাসে ঘটে যায় বর্বোরচিত হত্যাকান্ড, বিশ্বাস ঘাতকতার নির্মম ও নিষ্ঠুরতম বিরল ঘটনা। কুচক্রি, স্বার্থান্বেষী কতিপয় বিথগামী সেনা সদস্য পরাজিত ঘাতক পাকিস্তানের ইন্ধনে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ও তাঁর

পরিবারের ১৭জন সদস্যকে হত্যা করে।এই দিনটিকে বাঙালি জাতি জাতীয় শোক দিবস হিসেবে পালন করে থাকে। জাতীয় শোক দিবস পালনের জন্য বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর থেকে অঞ্চল, জেলা, উপজেলা ও স্কাউট ইউনিট পর্যায়ে পরিপত্র জারী করে।

বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর

● এরপর পৃষ্ঠা ২ »»

দফতর থেকে ১৫ আগস্ট, ২০১৭ তারিখে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস' পালন করে। এই দিন সকাল ১০.০০ টায় বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার, জাতীয় সদর দফতরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, ঢাকা জেলা রোভার, ঢাকা জেলা রেলওয়ে, ঢাকা জেলা নৌ, ঢাকা জেলা এয়ার ও ঢাকা মেট্রোপলিটন এর স্কাউট, রোভার স্কাউট ও লিডারবৃন্দ ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পাঞ্জলি অর্পণ করে। দুপুর ২.৩০ মিনিটে শামস হল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা ও উপস্থিত বক্তৃতার আয়োজন করা হয়। বিকেল ৪.৩০ মিনিটে শামস হল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় আলোচনা সভা, বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর নির্মিত ভিডিও প্রদর্শন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ স্কাউটস এর সিনিয়র নেতৃবৃন্দ, কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটসহ আমন্ত্রিত অতিথি বর্গ উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল সদস্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং দেশের সুখ ও সমৃদ্ধির জন্য দোয়া করা হয়।

বন্যার্তদের সেবায় স্কাউট

'সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা' এই মুলমন্ত্রকে বুকে ধারণ করে বিশ্বব্যাপী ১৬৯টি দেশের প্রায় ৫ কোটি স্কাউট তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বাংলাদেশে স্কাউট সদস্য সংখ্যা প্রায় ১৬ লক্ষ। বাংলাদেশের স্কাউট সদস্যবৃন্দ দেশের যে কোন দুর্যোগে মানুষের পাশে গিয়ে দাড়ায়। এমন উদাহরণ আছে ভুরি ভুরি। রানা প্লাজায় উদ্ধার কাজ, সম্প্রতি পাহাড় ধস, স্পেকট্রাম ভবনে উদ্ধার কাজ,ঈদে সড়ক পথে যাত্রী সেবা, লঞ্চঘাটে যাত্রী সেবা, ট্রেন স্টেশনে যাত্রী সেবা কোথায় নেই স্কাউটদের পদচারনা। তেমনি পিছিয়ে নেই সম্প্রতিকালের ভয়াবহ বন্যায় স্কাউট সদস্যরা। এই বন্যায় স্কাউটরা তাদের

সাধ্যমত সকল প্রকার সেবাদানে যথাসাধ্য চেষ্টা করছে। বন্যায় প্লাবিত সকল জেলা বা উপজেলা এলাকায় জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সহায়তায়, সরকারি, বেসরকারি, বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও রাজনৈতিক ব্যক্তিবর্গের উদ্যোগে ত্রাণ বিতরণে সহায়তা প্রদানসহ নিজ নিজ উদ্যোগে বন্যার্তদের পাশে দাড়িয়েছে।

স্কাউট সদস্যবৃন্দ এই বন্যায় সেনাবাহিনী, বিজিবি, ফায়ার সার্ভিসের সাথে বেড়ীবাধ রক্ষা, শহর রক্ষা বাঁধ নির্মাণ, বাধের ছিদ্র বন্ধ, ভেঙ্গে যাওয়া বাঁধটি মেরামতে কাজ করেছে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসনের সহায়তায়, সরকারি, বেসরকারি, বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও রাজনৈতিক ব্যক্তিবর্গের উদ্যোগে ও নিজ নিজ উদ্যোগে বন্যার্তদের আশ্রয় কেন্দ্রে নিয়ে যাওয়া, তাদের খাদ্য সহায়তা অথবা মেডিকেল টীমের সাহায্যকারী হিসেবে সহায়তার প্রদান এবং বন্যা পরবর্তী পানি নেমে যাবার পর শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে অংশগ্রহণ করে। স্কাউট সদস্যদের সহায়তার মধ্যে রয়েছে চাল, ডাল, লবন, সয়াবিন তেল, আলু, খাবার স্যালাইন, মোমবাতি, ম্যাচ লাইট, আটা, চিনি, বিস্কুট, চিড়া, রুটি তৈরি ও বিতরণ, পানি বিশুদ্ধকরণের জন্য ফিটকিরি, হ্যালোজেন ট্যাবলেট ও নগদ অর্থ বিতরণ করেছে। এই বন্যায় সেবার দিয়ে স্কাউটরা আবার প্রমাণ করেছে "মানুষ মানুষের জন্য"।

বাংলাদেশ: বিশ্ব স্কাউট সংস্থার অ্যাওয়ার্ড অর্জন

১৪ থেকে ১৮ আগস্ট, ২০১৭ তারিখে আজারবাইজানের বাকুতে বিশ্ব স্কাউট সংস্থার ৪১তম বিশ্ব স্কাউট কনফারেন্স অনুষ্ঠিত হয়। কনফারেন্সে বাংলাদেশ স্কাউটস থেকে ৩২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। ১৬৯টি দেশের প্রায় ২০০০ জন স্কাউট কর্মকর্তা অংশগ্রহণ করেন। ১৬৯টি দেশের এই বিশ্ব সংস্থা বিগত তিন বছরে মেম্বারশীপ গ্রোথ রেট মুল্যায়ন করে ৫টি জাতীয় স্কাউট সংস্থাকে অ্যাওয়ার্ড প্রদান করে। বাংলাদেশ এই অ্যাওয়ার্ড অর্জন করে বিশ্বে দেশের ভাবমুর্তি উজ্জ্বল করেছে। বাংলাদেশ ছাড়া অন্য ৪টি দেশ কেনিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপাইন ও ভারত এই অ্যাওয়ার্ড অর্জন করে।

৪১তম বিশ্ব স্কাউট কনফারেন্স এর উল্লেখযোগ্য কার্যক্রম:

- বিশ্ব স্কাউট সংস্থা এই কনফারেন্সে ২টি দেশকে নতুন সদস্য দেশ হিসেবে স্বীকৃতি দেয়।
- Mr. Craig Turpie from the United Kingdom পরবর্তী ৩ বছরের জন্য বিশ্ব স্কাউট সংস্থার প্রেসিডেন্ট নির্বাচন।
- ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীর(২০২৩ সাল) আয়োজক দেশ হিসেবে দক্ষিণ কোরিয়াকে নির্বাচন।
- ৪২তম বিশ্ব স্কাউট কনফারেন্স ও ১৪তম ওয়াল্ড ইয়ূথ ফোরাম (২০২০ সাল) এর আয়োজক দেশ হিসেবে মিশরকে নির্বাচন।

দ্বিতীয় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প এর সফল বাস্তবায়ন

২৪ থেকে ২৬ আগস্ট, ২০১৭ তারিখে সিলেট মডেল স্কুল এন্ড কলেজ (কমিশনার কলেজ), সিলেটে বাংলাদেশ স্কাউটসের ব্যবস্থাপনা ও পরিচালনায় 'দ্বিতীয় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প-২০১৭ সফলভাবে বাস্তবায়ন করা হয়। এই ক্যাম্পে ৪০১ জন রোভার স্কাউট, ইউনিট লিডার ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। ক্যাম্পে অংশগ্রহণ করে রোভার স্কাউটগণ যে সকল বিষয়ে জানার সুযোগ পায় এবং অনুশীলনে অংশগ্রহণ করেছে: (১) জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব এবং জলবায়ু পরিবর্তনে করণীয় সম্পর্কে জানতে (২) ইউনিসেফ কর্তৃক Preparedness & Response on WASH during emergency (৩) দুর্যোগে সাড়াদান, অনুসন্ধান ও উদ্ধার কৌশল অনুশীলন (৪) বজ্রপাত কি ও কেন হয়? বজ্রপাতে করণীয় (৫) বন্যা ও বন্যা পরবর্তী করণীয় সম্পর্কে বিষয়ে জানা (৬) ভূমিকম্প রেসপন্স টিমের সদস্য হিসেবে পূর্ব প্রস্তুতি, ভূমিকম্পের সময় এবং ভূমিকম্প পরবর্তী করণীয়, ভূমিকম্পের মহড়ায় অংশগ্রহণ (৭) সাইক্লোন পূর্ব সতর্কতা ও প্রস্তুতি এবং পানি থেকে উদ্ধার কার্যক্রমের মহড়ায় অংশগ্রহণ (বিভিন্ন কৌশল ও সরঞ্জামাদির ব্যবহার) (৮) আগুন (তত্ত্বীয়), অগ্নিনির্বাপন এর যন্ত্র ও উপকরণের ব্যবহার সম্পর্কে জানা এবং মহড়ায় অংশগ্রহণ (৯) উদ্ধার কাজ ও আগুন থেকে উদ্ধারের পর প্রাথমিক প্রতিবিধান এর পদ্ধতির অনুশীলন (১০) স্কাউটিং ব্র্যান্ডিং এবং (১১) মুক্তিযুদ্ধভিত্তিক নাটিকা ও দেশাত্মবোধক গান। এছাড়াও বাল্য বিবাহ, নারী নির্যাতন ও যৌতুক প্রতিরোধে সচেতনতামূলক র‍্যালীতে অংশগ্রহণ। এই ক্যাম্পে অংশগ্রহণ শেষে অংশগ্রহণকারী রোভার স্কাউটগণ দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে আরো বেশী দক্ষ হয়ে উঠবে এবং দুর্যোগকালীন সময়ে সেবা প্রদানে কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম হবে।

২৫ আগস্ট, ২০১৭ তারিখ, শুক্রবার, সকাল ১০.৩০

মিনিটে 'ইসলামিক ফাউন্ডেশন অডিটোরিয়াম, টিবি গেইট, সিলেটে' ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, বিভাগীয় কমিশনার, সিলেট, এবং জাতীয় উপ কমিশনার(সমাজ উন্নয়ন) ও আহবায়ক দ্বিতীয় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দ্বিতীয় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প-২০১৭' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ মোহসীন, যুগ্ম সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস। স্বাগত বক্তব্য দেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জনাব মোহা. আনোয়ার হোসেন, প্রোগ্রাম স্পেশালিষ্ট, ফিল্ড সার্ভিসেস, ইউনিসেফ, বাংলাদেশ, জনাব কামরুল আহসান, পি পি এম, ডিআইজি, সিলেট রেঞ্জ, প্রফেসর এ কে এম গোলাম কিবরিয়া তাপাদার, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এবং সভাপতি, বাংলাদেশ স্কাউটস সিলেট অঞ্চল, জনাব রাহাত আনোয়ার, জেলা প্রশাসক, সিলেট ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সিলেট জেলা ও জেলা রোভার, জনাব মুবিন আহমেদ জায়গীরদার, কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জনাব মোঃ জামাল উদ্দিন সিকদার, জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস উপস্থিত ছিলেন।

২৫ আগস্ট, ২০১৭ তারিখ, শুক্রবার, সকাল ৯টায় ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, বিভাগীয় কমিশনার, সিলেট এর নেতৃত্বে বাল্য বিবাহ, নারী নির্যাতন ও যৌতুক প্রতিরোধে সচেতনতামূলক একটি র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালীতে প্রায় ১০০০ জন কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২৬ তারিখ সন্ধ্যায় কাজী নজরুল ইসলাম অডিটোরিয়ামে সমাপনী এবং মুক্তিযুদ্ধভিত্তিক নাটিকা ও দেশাত্মবোধক গান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে জনাব মোঃ মোহসীন, যুগ্ম সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন জনাব মোঃ আজম খান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক), সিলেট। জেলা শিল্পকলা একাডেমীর আওতাধীন বিভিন্ন শিল্পগোষ্ঠী মুক্তিযুদ্ধের গান, আবৃতি ও দেশাত্মবোধক গান পরিবেশন করেন। এ ছাড়াও বাংলাদেশ স্কাউটস, ফরিদপুর জেলা রোভার কন্টিনজেন্ট সদস্যগণ বঙ্গবন্ধুর ফরিদপুর বিষয়ে একটি জারী গান পরিবেশন করে।

‘ওয়ার্ল্ড স্কার্ফ ডে’ উদযাপন

বাংলাদেশ স্কাউটস এর এমওপি বিভাগের উদ্যোগে ‘ওয়ার্ল্ড স্কার্ফ ডে’ উদযাপন এবং ‘Messengers of Golden Ribbon’ এর আওতায় ব্লাড ক্যান্সারে আক্রান্ত শিশুদের খেলনা প্রদান করা হয়।

বাংলাদেশ স্কাউটস এর ‘Messengers of Golden Ribbon’ প্রকল্পের আওতায় ০১ আগস্ট ২০১৭ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল এর পেডিয়াট্রিক হেমাটলজি এবং অনকলোজি বিভাগের ক্যান্সার আক্রান্ত শিশুদের মাঝে খেলনা, ড্রয়িং বুক ও কালার পেন্সিল বিতরণ করা হয় এবং একই সাথে এই প্রকল্পের রোভার স্বেচ্ছাসেবকবৃন্দ স্কার্ফ পরিধান করে ‘ওয়ার্ল্ড স্কার্ফ ডে’ উদযাপন করেন। এই কার্যক্রমে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন, ন্যাশনাল কো-অর্ডিনেটর, ম্যাসেঞ্জার অব পিস, এবং জাতীয় উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস।

এই প্রকল্পের আওতায় ক্যান্সার বিভাগের ওরিয়েন্টেশনপ্রাপ্ত ৪০ জন রোভার স্কাউট প্রতি সপ্তাহে নির্দিষ্ট ৩ দিন ক্যান্সার আক্রান্ত শিশুদের সঙ্গদান এবং অভিভাবকদের কাউন্সেলিং করছে। ৪০ জন রোভার স্কাউটকে ২টি গ্রুপে ৬টি টিমে ভাগ করে প্রতি সপ্তাহের শনিবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার দুই থেকে তিন ঘন্টা করে এই কার্যক্রম চলছে। স্বেচ্ছাসেবক রোভার স্কাউটবৃন্দ ক্যান্সার আক্রান্ত শিশুদের বেড টু বেড গিয়ে সঙ্গদান, যেমন- গল্পবলা, ছবি আঁকা, খেলনা দিয়ে খেলা করা ইত্যাদি কাজের মাধ্যেমে শিশুদের ভয় ও উদ্বেগ কমাতে সহায়তা করে।

ব্যানবেইসে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স

বাংলাদেশ স্কাউটস এর পরিচালনায় বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর সম্মেলন কক্ষ, ঢাকায় ২৬ আগস্ট ২০১৭ তারিখ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এবং নায়েম এর কর্মকর্তাদের অংশগ্রহণে

'স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স' সফলভাবে বাস্তবায়ন করা হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ স্কাউটস এর সহ সভাপতি এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এর সভাপতিত্বে ওরিয়েন্টেশন কোর্সে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শরীফ আশরাফ উজ-জামান, জাতীয় কমিশনার (বিধি), বাংলাদেশ স্কাউটস, ড. অরুনা বিশ্বাস, সাবেক জাতীয় উপ কমিশনার , বাংলাদেশ স্কাউটস ও অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রফেসর মোঃ মাহবুবুর রহমান, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস ও চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন। কোর্স লিডারকে সহায়তা করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) ও অন্যান্য অভিজ্ঞ ট্রেনারবৃন্দ। কোর্সে সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মোঃ ফসিউল্লাহ , পরিচালক (যুগ্ম-সচিব), ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়। কোর্সে মোট ৪৭জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

প্রধান জাতীয় কমিশনার এর সংবর্ধনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান দ্বিতীয়বার বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার নির্বাচিত হওয়ায় বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা এবং জেলা রোভার এর পক্ষ থেকে ১ আগস্ট, ২০১৭ তারিখে মাদারীপুর জেলা সার্কিট হাউসে সংবর্ধনা প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান জাতীয় কমিশনার। জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম, জেলা প্রশাসক, মাদারীপুর ও সভাপতি, হওয়ায় বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা এবং জেলা রোভার এর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা সম্পাদক জনাব মোঃ হারুন অর রশিদ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব সরোয়ার হোসেন, পুলিশ সুপার, জনাব মোঃ খালিদ হোসেন ইয়াদ, কমিশনার, বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা ও মেয়র, মাদারীপুর পৌরসভা, প্রফেসর হিতেন চন্দ্র মন্ডল, কমিশনার, বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা রোভার, জনাব মোঃ জহিরুল ইসলাম নাসিম, সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, মাদারীপুর জেলা রোভার। অনুষ্ঠানে জেলা প্রশাসন, জেলা স্কাউট ও জেলা রোভারের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্মরণ সভা ও দোয়া মাহফিল

বাংলাদেশ স্কাউটসের সাবেক লিডার ট্রেনার ও জাতীয় উপ কমিশনার (প্রশিক্ষণ) অধ্যক্ষ মোঃ রিয়াজুল ইসলাম বসুনিয়া স্মরণে ৫ জুলাই, ২০১৭ তারিখে বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকায় স্মরণ সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। স্মরণ সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ, বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, রোভার অঞ্চলের কর্মকর্তা, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের কর্মকর্তা, ঢাকা জেলা রোভার ও ঢাকা মেট্রোপলিটন এর কর্মকর্তা ও রোভার স্কাউট, স্কাউট ও কাব স্কাউটসহ মরহুমের পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন। স্মরণ সভায় মরহুমের কর্মময় জীবন সম্পর্কে আলোচনা করা হয় এবং রুহের মাগফেরাত কামনা দোয়া করা হয়। অধ্যক্ষ মোঃ রিয়াজুল ইসলাম বসুনিয়া ৩০ জুলাই, ২০১৭ তারিখে ঢাকা মেডেকেল কলেজ হাসপাতালে ৭৫ বছর বয়সে ইন্তেকাল করেন।

দশম জাতীয় স্কাউট জাম্বুরী সাংগঠনিক কমিটির প্রথম সভা

২৭ আগস্ট, ২০১৭ তারিখে বাংলাদেশ স্কাউটসের শামস হলে দশম জাতীয় স্কাউট জাম্বুরী সাংগঠনিক কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান এবং বাংলাদেশ স্কাউটসের সহ সভাপতি ও সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় জনাব মোঃ সোহরাব হোসাইন উপস্থিত থেকে দশম জাতীয় স্কাউট জাম্বুরী আয়োজনসহ অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান করেন। সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (সংগঠন) ও চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন জনাব আখতারুজ জামান খান কবির। সভায় জাতীয় কমিশনারসহ সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ডেস্কটপ পাবলিশিং প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ স্কাউটসের জনসংযোগ ও মার্কেটিং বিভাগের ব্যবস্থাপনায় এবং সরকারি গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকার সহযোগিতায় ১১-১৪ আগস্ট, ২০১৭ সরকারি গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকায় রোভার স্কাউট ও ইয়াং এডাল্ট লিডারদের জন্য চারদিনব্যাপী ডেস্কটপ পাবলিশিং প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়। কোর্সে ২৪ জন রোভার স্কাউট ও ইয়াং এডাল্ট লিডার অংশগ্রহণ করেন। ১১ আগস্ট ২০১৭ তারিখে সরকারি গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকার অধ্যক্ষ মোল্লা মোঃ গোলাম মোস্তফা কোর্সের উদ্বোধন করেন, স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আমিমুল এহসান খান পারভেজ, জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস। ১৪ আগস্ট, ২০১৭ তারিখে জনাব আমিমুল এহসান খান পারভেজ, জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস অংশগ্রহণকারীদের মধ্যে সনদ বিতরণ করেন। ১২ আগস্ট, ২০১৭ তারিখে বাংলাদেশ স্কাউটসের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব মোঃ আবু মোতালেব খান কোর্স পরিদর্শন করেন এবং অংশগ্রহণকারীদের সাথে কথা বলেন। কোর্সে রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মোঃ ইউছুফ আলী লিপন, জনাব মোঃ আলী হোসেন, জনাব মোহাম্মদ আরিফুর রহমান, জনাব গোলাম মোহাম্মদ ফরহাদ, জনাব পঙ্কজ কুমার সুত্রধর। কোর্সের বিষয়সমূহ: ১০ আঙ্গুলে টাইপ, বেসিক প্রিন্টিং, ডেস্কটপ পাবলিশিং সম্পর্কে ধারণা, এমএস ওয়ার্ড/এক্সএল, গ্রাফিক ডিজাইন, রিফ্লেকশন, ফটোগ্রাফি, ফটোশপ টুল পরিচিতি, নতুন ফাইল খোলা ও সেভ করা, পাথ, লেয়ার, টাইপ কালার কারেকশন, ভিগনেটেসেড, রিফ্লেকশন, ইলাস্ট্রেটর টুল পরিচিতি, গ্রাফ-চার্ট তৈরী, টেক্সট ফরমেট রিফ্লেকশন, ইলাস্ট্রেটরে পেজ মেকিং, ফটোশপ ও ইলাস্ট্রেটর তুলনা, একটি প্যাড ও একটি ভিজিটিং কার্ড তৈরী করা, পেপার, কালি, বাইন্ডিং, ইঞ্চি-মিলিমিটার-পাইকা-পয়েন্ট, পেজ মেকিং, ইন-ডিজাইন ইন-ডিজাইন টুল পরিচিতি, পেজ মেকিং, কিভাবে পেজ লে-আউট করা হয়, একটি ক্যাশ মেমো ও একটি ৭.২৫/৯.৫ ইঞ্চি পৃষ্ঠা ফর্মেট করা ইত্যাদি।

আইসিটি স্কাউট ক্যাম্প

১৭ থেকে ১৯ আগস্ট ২০১৭ তারিখে বাংলাদেশ স্কাউটসের তিনটি (রেলওয়ে, নৌ ও এয়ার) অঞ্চল নিয়ে অনুষ্ঠিত হয়ে গেল প্রথম আঞ্চলিক আইসিটি স্কাউট ক্যাম্প। কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট বয়সী ছেলেমেয়েদের আইসিটি বিষয়ে আরো অধিকতর দক্ষ করে গড়ে তুলতে বাংলাদেশ স্কাউটসের এই আয়োজন। এটি ছিল বিশেষ অঞ্চল সমূহের প্রথম আয়োজন। এবারের আইসিটি ক্যাম্পটি ১৭ আগস্ট উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে শুরু হয়ে ১৯ আগস্ট ডিজিটাল ক্যাম্পফায়ারের মাধ্যমে শেষ হয়। ক্যাম্প চলাকালীন বিভিন্ন সময় বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তাগণ ক্যাম্প এলাকা পরিদর্শন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক ও বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও শতাব্দি ভবন নির্মান প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আবু মোতালেব খান এবং সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস রেলওয়ে অঞ্চলের আঞ্চলিক সম্পাদক জনাব মোঃ শাহ আলম ভূইয়া এবং বাংলাদেশ স্কাউটস এয়ার অঞ্চলের আঞ্চলিক সম্পাদক ফ্লাইট ল্যাফট্যনেন্ট মোঃ শাহ আলম প্রমুখ। ক্যাম্পে সার্বক্ষনিক কর্মকর্তা হিসেবে ক্যাম্পটিকে সাফল্যমন্ডিত করে তোলেন বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের উপ পরিচালক জনাব মোসাঃ মাহফুজা পারভীন।

এবারের আইসিটি ক্যাম্পে ১০ জন আইসিটি এক্সপার্ট ও দক্ষ প্রশিক্ষকের সহায়তায় বাংলাদেশ স্কাউটস রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের সর্বমোট ১০০ জন কাব, স্কাউট, ও রোভার ছেলেমেয়ে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা বিভিন্ন ইভেন্টে স্বতস্ফূর্তভাবে অংশগ্রহনণ করেন এবং আইসিটি এক্সপার্টদের সাথে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। ক্যাম্পে বিভিন্ন ইভেন্টের পাশাপাশি প্রতিযোগিতামুলক কিছু ইভেন্ট ছিলো যেটিতে অংশগ্রহণকারীরা আনন্দের সাথে অংশগ্রহণ করেন। বাংলাদেশ স্কাউটসের তিনটি বিশেষ অঞ্চলের সমন্বয়ে আইসিটি বিষয়ক এটিই ছিলো প্রথম আয়োজন। ইভেন্টে এডোবি ফটোশপ, সফটওয়্যারের ব্যবহার, সোশ্যাল নেটওয়ার্কিং, গেমিং জোন, আউটসোসিং, রেডিও স্কাউটিং সহ আইসিটি বিষয়ে সেশন পরিচালনা করা হয়।

নতুন ইভেন্টস

স্টাফ ম্যানেজমেন্ট কনফারেন্স
১৩-১৪ সেপ্টেম্বর, ২০১৭
জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা

স্কিলস ডেভেলপমেন্ট ওয়ার্কশপ ফর প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ
১৫-১৭ সেপ্টেম্বর, ২০১৭
জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা

জাতীয় পর্যায়ে শাপলা, পিএস ও পিআরএস অ্যাওয়ার্ড মূল্যায়ন পরীক্ষা
২২ সেপ্টেম্বর, ২০১৭

জেলা ও উপজেলা স্কাউট লিডার কোর্স
১৮-২০ সেপ্টেম্বর, ২০১৭
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
মৌচাক, গাজীপুর

বেসিক আইসিটি কোর্স
২০-২৪ সেপ্টেম্বর, ২০১৭
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
মৌচাক, গাজীপুর

International Events

Scout Shop Manager's Meet
2-3 September, 2017
Philippines

APR Staff Development Workshop
11-15 September, 2017
Philippines

APR Workshop on Adult Supp to Youth Programme
21-24 September, 2017
Hong Kong

APRSF Fundraising Dinner
23 September, 2017
Hong Kong

APR Environment Education Workshop
29 Sept - 3 Oct, 2017
Srilanka

APR Scouting Profile Sub Committee Meeting
9 October 2017
Bangladesh

APR Workshop on Strategic Partnership
10-13 October 2017
Bangladesh

JOTA-JOTI
20-22 October 2017

MoP Training Bhutan
27-31 October 2017

APR Scout Education Forum
9-12 December 2017
Bangladesh

যদি আরও জানতে চান...

অফিসিয়াল ফেইসবুক পেজ:
www.facebook.com/bangladeshscouts(official)

ক্লিক করুন:
www.scouts.gov.bd

নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ০২ ৯৩৩৩৬৫১
মোবাইল : ০১৭১২-৮৬৪১১৫
ই-মেইল :
ncshahriar@yahoocom
probangladeshscouts@gmail.com

সম্পাদনা পরিষদ

প্রধান উপদেষ্টা
ড. মোঃ মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার

সম্পাদক
সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং)

প্রকাশক
আরশাদুল মুকাদ্দিস
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

নির্বাহী সম্পাদক
মোঃ মশিউর রহমান
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)

প্রকাশনায়
জনসংযোগ ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস